তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ১৪/২০১৫

অভিযোগকারী ঃ জনাব সন্তোষ কর্মকার
পিতা-মৃত নরেন্দ্র চন্দ্র কর্মকার
গ্রাম-চর্চামিতা, পোষ্ট-চর্চামিতা
থানা-লক্ষ্মীপুর সদর
জেলা-লক্ষ্মীপুর।

প্রতিপক্ষ ঃ জনাব মোঃ নাসিম মিয়া
সহকারী পুলিশ সুপার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
সার্কেল অফিস, লক্ষ্মীপুর।

সিদ্ধান্তপত্র।

(তারিখ ঃ ২৩-০৩-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব সন্তোষ কর্মকার ০৯-১১-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ নাসিম মিয়া, সহকারী পুলিশ সুপার (সদর) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), পুলিশ সুপারের কার্যালয়, লক্ষ্মীপুর বরাবরে রেজিষ্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১) বিগত ১৪-০৯-২০১৪ ইং তারিখের শুনানীর জন্য যে অভিযোগের প্রেক্ষিতে আমাকে ডাকা হয়েছিল তার ফটোকপি।

২) জেলা গোয়েন্দা অফিস আইনের যে ধারা মোতাবেক আমাকে নোটিস দেয়া হয়েছিল তার ফটোকপি।

৩) উক্ত নোটিসে স্মারক নং, তারিখ, স্বাক্ষরিত কর্মকর্তার কোন নাম, পদবী নেই, তাহলে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে এই নোটিস ইস্যু করা হয়েছিল কিনা?

৪) লক্ষ্মীপুর জেলায় আপনার অধিনস্থ এলাকায় প্রচলিত বিচার ব্যবস্থায় (ইউনিয়ন পরিষদ, ম্যাজিষ্ট্রেট আদালত, জেলা জজ আদালত ইত্যাদি) সমান্তরাল কোন বিচার ব্যবস্থা আছে কিনা? থাকলে তার বিবরণ/বর্ণনা।

৫) পুলিশ সুপার অফিস কর্তৃক ০৪ নং প্রশ্নে বর্নিত বিচার ব্যবস্থার অধীনে নিয়োগপ্রাপ্ত বিচারকের নামের তালিকা।

৬) বিজন বর্ধন, পিতা-মৃত বিশ্বেশ্বর বর্ধন, ঠিকানা- গ্রাম-চর্চামিতা, পোষ্ট-চর্চামিতা, থানা-লক্ষ্মীপুর সদর, জেলা-লক্ষ্মীপুর, এই নামের কোন ব্যক্তির নামে ঐ এলাকায় আদালত পরিচালনার কোন অনুমতিপত্র ইস্যু করা হয়েছে কিনা? হয়ে থালে তার ফটোকপি।

৭) উপরিউক্ত ব্যক্তি প্রচলিত বিচার ব্যবস্থার সমান্তরাল আদালত পরিচালনার জন্য অত্র অফিসের কর্মকর্তাদের খাজনা/কর/ফিস দেয় কিনা?

৮) উক্ত ব্যক্তির নামে ও তার মালিকানাধীন ইকোনো পরিবহনের নামে আপনার নিয়ন্ত্রণাধীন এলাকায় কোন জিডি, মামলা, এফআইআর থাকলে তার ফটোকপি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৭-১২-২০১৪ তারিখে জনাব মোঃ সফিকুল ইসলাম, ডি আই জি ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), চট্টগ্রাম রেঞ্জ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২২-০১-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০১-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৯-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী হাজির। কিন্তুদায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) গরহাজির। প্রতিপক্ষ গরহাজির থাকায় ১৮-০৩-২০১৫ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

০৫। বাংলাদেশ সরকারের নৌ-পরিবহন মন্ত্রী ১৭ ও ১৮ মার্চ, ২০১৫ লক্ষীপুর জেলা সফর করবেন এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা লক্ষীপুর আইন শৃংখলা নিয়ন্ত্রণ ডিউটিতে নিয়োজিত থাকবেন বিধায় পরবর্তী শুনানীর জন্য সময় চেয়ে আবেদন

করেন। কমিশন কর্তৃক সময়ের আবেদন মঞ্জুর করে অভিযোগকারীকে অবগত করা হয় এবং ২৩-০৩-২০১৫ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

০৬। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব সন্তোষ কর্মকার হাজির। প্রতিপক্ষ জনাব মোঃ নাসিম মিয়া, সহকারী পুলিশ সুপার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সার্কেল অফিস, লক্ষ্মীপুর হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৭। প্রতিপক্ষ সহকারী পুলিশ সুপার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সার্কেল অফিস, লক্ষ্মীপুর তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন সম্পর্কে যথাযথ ধারনা না থাকায় তথ্য প্রদান করা সম্ভব হয়নি। ৪, ৫, ৬ ও ৭ নং ক্রমিকে উল্লিখিত তথ্যের ক্ষেত্রে এ কার্যালয় বিচারিক আদালত না হওয়ায় তথ্য প্রদান করা সম্ভব নয়। তবে যাচিত অবশিষ্ট তথ্য প্রদানযোগ্য হওয়ায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত অবশিষ্ট তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা।

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর তথ্য অধিকার আইন সম্পর্কে যথাযথ ধারনা ছিলনা বিধায় তথ্য সরবরাহ সম্ভব হয়নি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ১ নং অনুচেছদে উল্লিখিত অভিযোগকারীর প্রার্থীত তথ্যের মধ্যে ক্রমিক নং ৪, ৫, ৬ ও ৭ এর তথ্য ব্যতীত অবশিষ্ট ১,২,৩ ও ৮ নম্বর ক্রমিকের তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ০২-০৪-২০১৫ তারিখ বা তদ্‌পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত ১ নং অনুচেছদের ১, ২, ৩ ও ৮ নং ক্রমিকের তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী আবেদনে উল্লিখিত যে কোন পদ্ধতিতে সরবরাহের জন্য সহকারী পুলিশ সুপার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সার্কেল অফিস, লক্ষ্মীপুর-কে নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত	স্বাক্ষরিত	স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)	**(নেপাল চন্দ্র সরকার)**	**(মোহাম্মদ ফারুক)**
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার

[মিজান]